গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৭৮/২০১৮-২০১৯
ঢাকা, বৃহস্পতিবার ১৪ মার্চ ২০১৯, ৩০ ফাল্গুন ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। আজ টাঙ্গাইলে আরপি সাহা স্বর্ণপদক প্রদান করবেন প্রধানমন্ত্রী
২। পড়াশোনার জন্য শিশুদের বেশি চাপ দেবেন না :
প্রাথমিক শিক্ষা সপ্তাহ উদ্বোধনকালে অভিভাবক ও শিক্ষকদের উদ্দেশে প্রধানমন্ত্রী
৩। রোহিঙ্গা সাহায্যের ৭৫ ভাগই যায় এনজিও'র পেছনে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
৪ । সিঙ্গাপুরে চিকিৎসাধীন সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে আইসিইউ থেকে কেবিনে স্থানান্তর
৫। নিউইয়র্ক সিনেটে বাংলাদেশি ইমিগ্র্যান্ট ডে বিল পাস
৬। বঙ্গবন্ধুর জন্মবার্ষিকীতে সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসাসেবা
৭। ছাত্ররাজনীতি ছাত্রদের হাতেই থাকতে দিন : তথ্যমন্ত্রী
৮। অসাধু ব্যাংক কর্মকর্তাদের ছাড় নয় : অর্থমন্ত্রী
৯। ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে পায়রা সমুদ্রবন্দরের পরামর্শক নিয়োগসহ
১০টি ক্রয়প্রস্তাব অনুমোদন
১০। ২৩ হাজার বিদ্যালয় ও মাদ্রাসায় স্কুল কেবিনেট নির্বাচন আজ
সব কলেজ-বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন হবে : শিক্ষামন্ত্রী
১১। স্বাস্থ্যমন্ত্রীকে বাংলাদেশের মেডিকেল কলেজসমূহে ভুটানী শিক্ষার্থীর
কোটা বাড়ানোর অনুরোধ জানালেন রাষ্ট্রদূত
১২। ঢাকা-কলকাতা জাহাজ সার্ভিস আগামী ২৯ মার্চ শুরু
১৩। সমৃদ্ধ দেশ গঠনে দক্ষ প্রকৌশলীদের ভূমিকা গুরুত্বপূর্ণ : বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী
১৪। সদরঘাটে এলোমেলো খেয়াঘাট থাকবে না : নৌপরিবহণ প্রতিমন্ত্রী
১৫। বিশ্বের ৩০তম বৃহত্তম অর্থনীতির দেশ হতে যাচ্ছে বাংলাদেশ : এমআইজিএ'র ভাইস প্রেসিডেন্ট
১৬। ৩৭তম বিসিএসে উত্তীর্ণ ৫৭৮ জনকে নন-ক্যাডারে নিয়োগের সুপারিশ
১৭। আজ বিশ্ব কিডনি দিবস : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী প্রদান
১৮। পুরান ঢাকায় ২২ পলিথিন কারখানা সিলগালা : ৮৫ টন পলিথিন জব্দ
১৯। গাজীপুরে বিপুল পরিমাণ ভেজাল ওষুধ জব্দ : ৪ জন আটক
২০। বুড়িগঙ্গা-তুরাগ নদীর তীর উদ্ধারে উচ্ছেদ অভিযান : ৫৭টি অবৈধ স্থাপনা উচ্ছেদ

চলমান পাতা-২

১। **আজ টাঙ্গাইলে আরপি সাহা স্বর্ণপদক প্রদান করবেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দানবীর রণদাপ্রসাদ (আরপি) সাহা স্মারক স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানে যোগ দিতে আজ (১৪ মার্চ বৃহস্পতিবার) সকালে টাঙ্গাইলের মির্জাপুরে যাচ্ছেন। এছাড়া তিনি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের সেবা কার্যক্রমের ৮৬তম বর্ষপূর্তি অনুষ্ঠানের উদ্বোধন করবেন। কুমুদিনীর ৮৬তম বর্ষপূর্তি উপলক্ষে এ বছর শহীদ দানবীর রণদাপ্রসাদ সাহা স্মারক সম্মাননা স্বর্ণপদক পাচ্ছেন চার গুণী। প্রধানমন্ত্রী কুমুদিনী কমপ্লেক্স ও ভারতেশ্বরী হোমসে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে এ সম্মাননা তুলে দেবেন। অন্যদিকে প্রধানমন্ত্রী নবনির্মিত মির্জাপুর উপজেলা পরিষদের চার তলা ভবন, মির্জাপুর মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ও মির্জাপুর উপজেলা প্রাণিসম্পদ উন্নয়ন কেন্দ্রসহ টাঙ্গাইলের ৩১টি উন্নয়ন কাজের উদ্বোধন করবেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫)।

২। **পড়াশোনার জন্য শিশুদের বেশি চাপ দেবেন না :**
**প্রাথমিক শিক্ষা সপ্তাহ উদ্বোধনকালে অভিভাবক ও শিক্ষকদের উদ্দেশে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অভিভাবক ও শিক্ষকদের উদ্দেশে বলেছেন, প্রাথমিকের কোমলমতি শিশুদের পড়াশোনার জন্য যেন অতিরিক্ত চাপ না দেওয়া হয়। আনন্দের সাথে লেখাপড়া করলে তারা ভেতরে একটা আলাদা শক্তি পাবে। এতে তাদের শিক্ষার ভিতটা শক্তভাবে তৈরি হবে। লেখাপড়ার জন্য শিশুদের কঠোর শৃঙ্খলে আবদ্ধ করাকে এক ধরনের মানসিক অত্যাচার আখ্যায়িত করে তিনি বলেন, তারা যেন হাসি-খেলার মধ্য দিয়েই লেখাপড়া করতে পারে। গতকাল (১৩ মার্চ বুধবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০১৯-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

৩। **রোহিঙ্গা সাহায্যের ৭৫ ভাগই যায় এনজিও'র পেছনে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, কিছু এনজিও রোহিঙ্গাদের সাহায্যের নামে অসৎ উদ্দেশ্য নিয়ে কাজ করছে। অথচ রোহিঙ্গাদের মানবিক সহায়তার নামে বিদেশ থেকে প্রচুর অর্থ আসছে। এসব অর্থের ৭৫ ভাগই তারা নিজেদের জন্য ব্যয় করে। বাকি ২৫ ভাগ অর্থ রোহিঙ্গাদের পেছনে ব্যয় করছে। গোয়েন্দা সংস্থার প্রতিবেদনে এ তথ্য উল্লেখ করা হয়েছে। গতকাল (১৩ মার্চ বুধবার) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকশেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.২), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

৪ । **সিঙ্গাপুরে চিকিৎসাধীন সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে আইসিইউ থেকে কেবিনে স্থানান্তর**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে আইসিইউ থেকে কেবিনে স্থানান্তর করা হয়েছে। তাঁর শারীরিক অবস্থা ভাল। আগামী সপ্তাহের সুবিধাজনক সময়ে ওবায়দুল কাদেরের দেহে বাইপাস সার্জারির প্রস্তুতি নিচ্ছেন চিকিৎসকরা। গতকাল (১৩ মার্চ বুধবার) সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসাধীন তাঁর চিকিৎসা সমন্বয়ক বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের পরিচালক এবং নিউরোলজিস্ট অধ্যাপক ডাঃ আবু নাসার রিজভী এ তথ্য জানান। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **বনিক বার্তা** (শেষ পৃ,ক.৮), **ডেইলি সান (শেষ** পৃ.ক.**৫), নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

৫। **নিউইয়র্ক সিনেটে বাংলাদেশি ইমিগ্র্যান্ট ডে বিল পাস**

২৫ সেপ্টেম্বরকে 'বাংলাদেশি ইমিগ্র্যান্ট ডে' (বাংলাদেশি অভিবাসী দিবস) হিসেবে স্বীকৃতি দিয়েছে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিনেট। যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশিদের সংগঠন মুক্তধারার পক্ষ থেকে নিউইয়র্ক সিনেটে এ বিষয়ে বিল উত্থাপন করেন সিনেটর টবে আনস্তাভাস্কি। গত ১২ মার্চ মঙ্গলবার এ-সংক্রান্ত রেজ্যুলেশনটি মুক্তধারা ফাউন্ডেশনের কাছে পৌঁছেছে। এ বছরের ২৫ সেপ্টেম্বর থেকে নিউইয়র্কে বাংলাদেশি ইমিগ্র্যান্ট ডে পালিত হবে। নিউইয়র্ক স্টেট ক্যালেন্ডারেও দিনটি অন্তর্ভুক্ত করা হয়েছে। মুক্তধারা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা বলেন, ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারণ অধিবেশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথমবারের মতো বাংলায় ভাষণ দেন। ঐ দিনকেই বাংলাদেশিদের স্বীকৃতির দিবস হিসেবে বেছে নেওয়া হয়েছে। গত ২৭ ফেব্রুয়ারি সিনেটর টবে আনস্তাভাস্কি বিলটি উত্থাপন করেন। পরে তা সর্বসম্মতিক্রমে পাস হওয়ার বিষয়টি ঘোষণা করেন নিউইয়র্ক স্টেটের গভর্নর অ্যান্ড্রু ক্যুমো। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬)।

**=৩=**

৬। **বঙ্গবন্ধুর জন্মবার্ষিকীতে সরকারি হাসপাতালে বিনামূল্যে চিকিৎসাসেবা**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আগামী ১৭ মার্চ রোববার সব সরকারি হাসপাতালের বহির্বিভাগে বিনামূল্যে চিকিৎসাসেবা দেওয়া হবে। সকাল সাড়ে ৮টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত রোগীরা এ সেবা পাবেন। একইসঙ্গে হাসপাতালে ভর্তি থাকা রোগীদের উন্নতমানের খাবার পরিবেশন করা হবে।

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক সংশ্লিষ্টদের এ সংক্রান্ত নির্দেশ দিয়েছেন। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

**৭। ছাত্ররাজনীতি ছাত্রদের হাতেই থাকতে দিন : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, ছাত্রদের রাজনীতি ছাত্রদের হাতেই থাকতে দিন। ছাত্ররাজনীতিকে জাতীয় রাজনীতিতে এনে জলঘোলা করার অপচেষ্টা করবেন না। বরং ডাকসু নির্বাচনে ছাত্রদল কেনো হারলো, সেজন্য তদন্ত কমিটি গঠন করুন। গতকাল (১৩ মার্চ বুধবার) রাজধানীর কাকরাইলে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে বঙ্গবন্ধু ডিপ্লোমা প্রকৌশলী পরিষদ আয়োজিত জাতির পিতার ৯৯তম জন্মদিন ১৭ মার্চ জাতীয় শিশু দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে আলোচনায়সভায় তিনি এ কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৮। অসাধু ব্যাংক কর্মকর্তাদের ছাড় নয় : অর্থমন্ত্রী**

অসাধু ব্যবসায়ীদের পাশাপাশি অসাধু ব্যাংক কর্মকর্তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে বলে সতর্ক করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেছেন, খেলাপি ঋণ আর যেন না বাড়ে সেদিকে লক্ষ্য রাখতে হবে। অসাধু ব্যবসায়ীদের তো ধরা হবেই, যেসব ব্যাংক কর্মকর্তা সাহায্য করবে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (১৩ মার্চ বুধবার) কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে জনতা ব্যাংকের বার্ষিক সম্মেলনে তিনি এ হুঁশিয়ারি দেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (শেষ পৃ,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

**৯। ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে পায়রা সমুদ্রবন্দরের পরামর্শক নিয়োগসহ ১০টি ক্রয়প্রস্তাব অনুমোদন**

পায়রা সমুদ্রবন্দরের নকশা ও নির্মাণকাজ তদারকিতে পরামর্শক নিয়োগসহ ১০টি ক্রয়প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এতে মোট ব্যয় হবে ৮০৯ কোটি ৪৩ লাখ টাকা। গতকাল (১৩ মার্চ বুধবার) সচিবালয়ে অনুষ্ঠিত ক্রয় কমিটি'র বৈঠকে সভাপতিত্ব করেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। বৈঠকশেষে অর্থমন্ত্রী সাংবাদিকদের বলেন, পায়রা সমুদ্রবন্দর বাস্তবায়িত হলে ঐ অঞ্চল চট্টগ্রামের মতো বাণিজ্যিক হাবে পরিণত হবে। এর ফলে ভারত, ভুটান, নেপাল ও চীনের সঙ্গে বাণিজ্য বাড়বে। একইসঙ্গে পদ্মাসেতু আরও অর্থবহ হয়ে উঠবে। সূত্র : **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **নিউ নেশন বিজনেস পাত** (পৃ.১,ক.৮)।

**১০। ২৩ হাজার বিদ্যালয় ও মাদ্রাসায় স্কুল কেবিনেট নির্বাচন আজ সব কলেজ-বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, ২৮ বছর পর ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এর ধারাবাহিকতা বজায় রেখে দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোতে ছাত্র সংসদ নির্বাচন আয়োজন করা হবে। তবে আমরা কারও ওপর কিছু চাপিয়ে দিতে চাই না। আমরা চাই সুন্দর পরিবেশে, সুষ্ঠুভাবে সব প্রতিষ্ঠানে এ গণতান্ত্রিক ব্যবস্থার চর্চা হোক। গতকাল (১৩ মার্চ বুধবার) স্কুল কেবিনেট নির্বাচন উপলক্ষে সচিবালয়ে অনুষ্ঠিত এক সংবাদসম্মেলনে এ আহবান জানান তিনি। সম্মেলনে জানানো হয়, আজ ১৪ মার্চ বৃহস্পতিবার ২২ হাজার ৯৬১টি মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় স্কুল কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হবে। প্রতিবারের মতো এবারও দেশের আট বিভাগ ও আটটি মহানগরের আওতাধীন মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় (ষষ্ঠ-দশম শ্রেণি) কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।



**১১। স্বাস্থ্যমন্ত্রীকে বাংলাদেশের মেডিকেল কলেজসমূহে ভুটানী শিক্ষার্থীর কোটা বাড়ানোর অনুরোধ জানালেন রাষ্ট্রদূত**

বাংলাদেশের মেডিকেল কলেজগুলোতে নিজ দেশের শিক্ষার্থীর কোটা বাড়ানোর অনুরোধ জানিয়েছে ভুটান। গতকাল (১৩ মার্চ বুধবার) সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎকালে বাংলাদেশে নিযুক্ত ভুটানের রাষ্ট্রদূত সুনাম টোবডেন রাবগি এ অনুরোধ জানান। রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশের চিকিৎসা-শিক্ষা ব্যবস্থার গুণগতমানের বিষয়ে ভুটানসহ এশিয়ার অনেক দেশের আস্থা রয়েছে এবং এ দেশ থেকে পাস করে যাওয়া শিক্ষার্থীরা নিজ-নিজ দেশের পেশায় উৎকর্ষতা দেখাচ্ছেন। আগামী এপ্রিলে ভুটানের প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফরকালে বাংলাদেশ থেকে চিকিৎসক নেওয়ার লক্ষ্যে একটি সমঝোতাস্মারক নবায়ন করা হবে বলেও উল্লেখ করেন রাষ্ট্রদূত। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.৫,ক.১)।

**১২। বিশ্বের ৩০তম বৃহত্তম অর্থনীতির দেশ হতে যাচ্ছে বাংলাদেশ : এমআইজিএ'র ভাইস প্রেসিডেন্ট**

আগামী কয়েক বছরের মধ্যে ট্রিলিয়ন ডলার জিডিপি নিয়ে বাংলাদেশ বিশ্বের ৩০তম বৃহত্তম অর্থনীতির দেশে পরিণত হতে যাচ্ছে। এ মন্তব্য করেছেন মাল্টিলেটারাল ইনভেস্টমেন্ট গ্যারান্টি এজেন্সি'র (এমআইজিএ) ভাইস প্রেসিডেন্ট এস বিজয় আইয়ের। গতকাল (১৩ মার্চ বুধবার) এক বিবৃতিতে তিনি বলেন, ধারাবাহিক অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করার জন্য বাংলাদেশকে বিদেশি বিনিয়োগের জন্য নিরাপদ আশ্রয় হিসেবে দেখা যাচ্ছে, বিশেষ করে শক্তি, অবকাঠামো, উৎপাদন ও কৃষির মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলোতে। উল্লেখ্য, এমআইজিএ বিশ্বব্যাংক গ্রুপের রাজনৈতিক ঝুঁকি বীমা শাখা। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৮)।

**১৩। সমৃদ্ধ দেশ গঠনে দক্ষ প্রকৌশলীদের ভূমিকা গুরুত্বপূর্ণ : বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী**

বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেছেন, একটি উন্নত, সমৃদ্ধ দেশ গঠনে দক্ষ প্রকৌশলীদের ভূমিকা গুরুত্বপূর্ণ। গতকাল (১৩ মার্চ বুধবার) রাজধানীর হোটেল রেডিসন ব্লুতে আয়োজিত 'কোয়ালিটি অ্যাসুরেন্স ইঞ্জিনিয়ারিং এডুকেশন থ্রু অ্যাক্রিডিটেশন' শীর্ষক আন্তর্জাতিক সিম্পোজিয়ামে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বোর্ড অভ্ অ্যাক্রেডিটেশন ফর ইঞ্জিনিয়ার্স অ্যান্ড টেকনিকেল এডুকেশন, ইনস্টিটিউট অভ্ ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ এ সিম্পোজিয়ামের আয়োজন করে। সূত্র : **সংবাদ** (পৃ.২,ক.৭)।

**১৪। সদরঘাটে এলোমেলো খেয়াঘাট থাকবে না : নৌপরিবহণ প্রতিমন্ত্রী**

নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, সদরঘাটের আশপাশে কোনোভাবেই যেখানে সেখানে খেয়াঘাট থাকতে দেওয়া হবে না। এলোমেলোভাবে নৌকা চলাচল করায় নৌ দুর্ঘটনা বাড়ছে দাবি করে প্রতিমন্ত্রী বলেন, যান্ত্রিক যুগে ম্যানুয়াল কোনো সিস্টেম থাকতে পারে না, এটা সাংঘর্ষিক। গতকাল (১৩ মার্চ বুধবার) দক্ষিণ কেরানীগঞ্জের আগানগর গুদারাঘাট পরিদর্শনে গিয়ে মাঝিদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। এ সময় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপুও উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮)।

**১৫। ৩৭তম বিসিএসে উত্তীর্ণ ৫৭৮ জনকে নন-ক্যাডারে নিয়োগের সুপারিশ**

৩৭তম বিসিএসের লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েও যারা ক্যাডার পাননি, তাদের মধ্য থেকে ৫৭৮ জনকে প্রথম শ্রেণির নন-ক্যাডার পদে নিয়োগের সুপারিশ করেছে সরকারি কর্মকমিশন। গতকাল (১৩ মার্চ বুধবার) কমিশনের বিশেষ সভায় তাদের নিয়োগের সুপারিশ করা হয় । সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৮),**বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**১৬। ঢাকা-কলকাতা জাহাজ সার্ভিস আগামী ২৯ মার্চ শুরু**

নৌপথে ঢাকা থেকে কলকাতা যাওয়ার পথ সুগম হতে চলেছে। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহনণ করপোরেশনের (বিআইডব্লিউটিসি) জাহাজ এম ভি মধুমতি আগামী ২৯ মার্চ থেকে কলকাতা যাবে। বিআইডব্লিউটিসি'র এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিআইডব্লিউটিসির এম ভি মধুমতি নারায়ণগঞ্জের পাগলা মেরি এন্ডারসন থেকে বরিশাল-মংলা-সুন্দরবন-আন্টিহারা-হলদিয়া রুট হয়ে ভারতের কলকাতার উদ্দেশে যাত্রা করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (শেষ পৃ,ক.৬)।



**১৭। আজ বিশ্ব কিডনি দিবস : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী প্রদান**

আজ মার্চের দ্বিতীয় বৃহস্পতিবার বিশ্ব কিডনি দিবস। 'সুস্থ কিডনি, সবার জন্য-সর্বত্র' প্রতিপাদ্য নিয়ে এ বছর দিবসটি পালিত হচ্ছে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। শোভাযাত্রা, আলোচনাসভা, লিফলেট বিতরণসহ নানা কর্মসূচির মাধ্যমে পালিত হবে দিবসটি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৩) **সমকাল** (শেষ পৃ.,ক.৩),**নিউ নেশন** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**১৮। পুরান ঢাকায় ২২ পলিথিন কারখানা সিলগালা : ৮৫ টন পলিথিন জব্দ**

আইন অমান্য করে পলিথিন তৈরি ও দাহ্য রাসায়নিক মজুদের দায়ে পুরান ঢাকার সোয়ারীঘাট এলাকার ২২টি কারখানাকে ২৬ লাখ টাকা জরিমানা এবং কারখানাগুলো সিলগালা করে দিয়েছে র‌্যাবের ভ্রাম্যমাণ আদালত। গতকাল (১৩ মার্চ বুধবার) দিনভর চালানো এ অভিযানে ৮৫ টন পলিথিন ও পলিথিন তৈরির উপাদানও জব্দ করা হয়। বিচ্ছিন্ন করে দেওয়া হয় অবৈধ প্রতিষ্ঠানগুলোর বিদ্যুৎ সংযোগ। ঝুঁকিপূর্ণ তিনটি ভবন ভেঙে ফেলারও নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১)।

**১৯। গাজীপুরে বিপুল পরিমাণ ভেজাল ওষুধ জব্দ : ৪ জন আটক**

গাজীপুরে বিপুল পরিমাণ ভেজাল ওষুধ জব্দ করেছে গাজীপুর মহানগর গোয়েন্দা পুলিশ। গতকাল (১৩ মার্চ বুধবার) গাজীপুর মহানগরীর হাতিয়াব এলাকায় একটি বাড়িতে অভিযান চালিয়ে এসব ভেজাল ওষুধ জব্দ করা হয়। এ সময় ঐ বাড়ি থেকে চার জনকে আটক করা হয়। গত ১২ মার্চ মঙ্গলবার রাত থেকে বুধবার সকাল পর্যন্ত ঐ এলাকায় অভিযান চালিয়ে বিভিন্ন ভেজাল ওষুধ ও ওষুধ তৈরির উপকরণ জব্দ করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৫,ক.৭)।

**২০। বুড়িগঙ্গা-তুরাগ নদীর তীর উদ্ধারে উচ্ছেদ অভিযান : ৫৭টি অবৈধ স্থাপনা উচ্ছেদ**

বুড়িগঙ্গা-তুরাগ নদীর তীর দখল করে গড়ে ওঠা অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান চালিয়েছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)। গতকাল (১৩ মার্চ বুধবার) সাড়ে ৯ টার দিকে ১৭তম দিনের মতো এ অভিযান শুরু হয়। অভিযানে অবৈধভাবে গড়ে ওঠা ৫৭টি স্থাপনা গুঁড়িয়ে দেওয়া হয়েছে। বিআইডব্লিউটিএ ১৮তম দিনের মতো আজ (১৪ মার্চ বৃহস্পতিবার) সকাল ৯টা থেকে মোহাম্মদপুরের রামচন্দ্রপুর এলাকা ও তুরাগ নদীর বিপরীত পাশে অভিযান চলবে। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪)।

## সম্পাদকীয়

**ক.** **সমকাল,যায়যায়দিন, সংবাদ, যুগান্তর, ইনকিলাব, নিউ এজ :** গ্যাস বিতরণে সংশ্লিষ্ট ছয়টি কোম্পানিই ভোক্তা পর্যায়ে প্রায় দ্বিগুণ গ্যাসের মূল্য বাড়াতে প্রস্তাব দিয়েছে উল্লেখ করে জনস্বার্থে দাম আর না বাড়ানোর সুপারিশ।

**খ.** **ইত্তেফাক :** ট্রেনের টিকিটের কালোবাজারিরোধে রেল কর্তৃপক্ষ নিবন্ধন ছাড়া কোনো আন্ত:নগর ট্রেনের টিকিট বিক্রয় না করার উদ্যোগ নিয়েছে উল্লেখ করে এ নতুন ব্যবস্থাপনা কালোবাজারিরোধে সহায়ক হবে বলে মতপ্রকাশ।

**গ.** **যায়যায়দিন :** ধান ঘরে তোলার পর দাম কমে যাওয়ায় দারুণ বিপাকে পড়েছেন কৃষকরা উল্লেখ করে সৃষ্ট পরিস্থিতিতে সংশ্লিষ্টদের কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**ঘ.** **বণিক বার্তা :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের সব সরকারি হাসপাতালে আইসিইউ স্থাপনের নির্দেশ দিয়েছেন উল্লেখ করে এ নির্দেশনা দ্রুত বাস্তবায়িত করার ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **সংবাদ :** ময়লা-আবর্জনা ও দখলের কবলে পড়ে চরম সংকটে পড়েছে নেত্রকোনার ঐতিহ্যবাহী মগড়া নদী উল্লেখ করে মগড়াসহ সারাদেশের নদ-নদীগুলো দখল ও দূষণের কবল হতে মুক্ত করার সুপারিশ।

**চ.** **এশয়িান এজ :** বাল্যবিয়ে রোধে কাঠোর ব্যবস্থা নেওয়ার আহ্বান।

**ছ.** **নিউ এজ :** শিক্ষক সংকটের কারণে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে দ্রুত পর্যাপ্ত সংখ্যক শিক্ষক নিয়োগের ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মাদকের সরবরাহ বন্ধ, মাদকসেবীদের চিকিৎসা ও পুনর্বাসন এবং সকলের সক্রিয় অংশগ্রহণে ব্যাপক গণসচেতনতা কার্যক্রমের মাধ্যমে মাদক নিয়ন্ত্রণ করা সম্ভব।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বায়ুদূষণ প্রতিরোধে সোচ্চার হোন'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, আমাদের সকলের একটু সচেতনতাই বায়ুদূষণরোধ করে এ পৃথিবীটাকে আরও সুন্দর করে তুলতে পারে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা